# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 08-03-2025** **Time: 7-50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি বলেছেন, নারীদের প্রতি সম্মান জানানো এবং লিঙ্গ সাম্য সুনিশ্চিত করার এটাই উপযুক্ত সময়।

২) ভোটার তালিকায় কারচুপি ধরতে জেলা স্তরে আগের মতই কাজ চলবে বলে তৃণমূল কংগ্রেস জানিয়েছে।

অবৈধ ভোটার তৃণমূল কংগ্রেসই তালিকায় ঢুকিয়েছে বলে মন্তব্য রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারের।

৩) কলকাতা হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি হিসাবে তিনজনের নিয়োগে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার।

৪) ক্রমবর্ধমান সাইবার প্রতারণা রুখতে কলকাতা পুলিশ, সাইবার সেলে আরও দুটি নতুন পদ তৈরির জন্য রাজ্য সরকারকে প্রস্তাব দিয়েছে।

৫) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে গ্রুপ পর্বের শেষ ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, এফসি গোয়ার মুখোমুখি হয়েছে।

---

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হচ্ছে। এবছরের মূল ভাবনা নারী ও কন্যাদের জন্য সমানাধিকার, সাম্য ও ক্ষমতায়ন।

এই উপলক্ষে নতুন দিল্লির বিজ্ঞান ভবনে একটি জাতীয় সম্মেলনের আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় নারী ও শিশু কল্যাণ মন্ত্রক আয়োজিত "**নারী শক্তি সে বিকশিত ভারত**" – শীর্ষক এই সম্মেলনের সূচনা করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ । তিনি বলেন, নারীদের প্রতি সম্মান জানানো এবং লিঙ্গ সাম্য সুনিশ্চিত করার এটিই উপযুক্ত সময়।

বাইট

সরকার মহিলাদের ক্ষমতায়নে কাজ করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আন্তর্জাতিক নারী দিবসে গুজরাটের নভসারিতে এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন মেয়েদের অধিকার রক্ষায় নতুন ফৌজদারি আইন কার্যকরের পাশাপাশি প্রধানমন্ত্রী গত এক দশকে মেয়েদের নিরাপত্তা বাড়াতে সরকারের বিভিন্ন সাফল্যের কথা অনুষ্ঠানে উল্লেখ করেন।

বাইট

রাজ্যপাল সি ভি আনন্দ বোস আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে নারী শক্তির প্রতি কুর্নিশ জানিয়েছেন। রাজভবন থেকে জারি করা এক বিবৃতিতে রাজ্যপাল নারীদের শক্তি, সাহস এবং সহনশীলতার প্রশংসা করেছেন। বিবৃতিতে বলা হয়েছে, ভারত এমন একটি দেশ, যেখানে নারী শক্তির প্রতি মানুষের যেমন গভীর শ্রদ্ধা রয়েছে, তেমনই নারীকে পুজো করা হয়। নারীশক্তির দিকটি পথ নির্দেশ করবে বলে তিনি উল্লেখ করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই উপলক্ষ্যে জনগনকে শুভেচ্ছা জানিয়েছেন। আজ এক্স হ্যান্ডেলে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, নারীদের দেবী হিসেবে নয়, সমান হিসেবে বিবেচনা করা উচিত। নারীদের জন্য কেবল একটি দিন নির্ধারণ করা উচিত নয়, কারণ প্রতিটি দিনই প্রতিটি নারীর।

দিনটি উদযাপনের অঙ্গ হিসেবে রাজ্য জুড়ে একাধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তৃণমূল কংগ্রেস আজ কলকাতায় একটি মিছিলের আয়োজন করে। রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য, শশী পাঁজার নেতৃত্বে রবীন্দ্র সদন থেকে শুরু হয়ে মিছিল যায় ডোরিনা ক্রসিং পর্যন্ত। এই উপলক্ষে জেলায় জেলায় মিছিলও বের করা হয়।

নারীদের নিরাপত্তায় পুলিশ প্রসাসনরে ওপর ভরসা না করে নিজেদের উদ্যোগী হতে আহ্বান জানিয়েছেন বিজেপির মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনি পাত্র। আজ বঙ্গ নারীশক্তি আয়োজিত একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, পুলিশ প্রশাসনের রাজনীতিকরণ ঘটেছে। সেজন্য মেয়েদের ক্ষমতায়ন অত্যন্ত জরুরী বলে তিনি মন্তব্য করেন।

নারী দিবসে আজ পথে নামে বামপন্থী একাধিক মহিলা সংগঠন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ পানিহাটিতে অভয়ার বাবা মায়ের সঙ্গে সাক্ষাত্ করেন। নির্যাতিতা চিকিৎসকের মা বলেন,

বাইট

এদিকে, আজকের দিনটি উপলক্ষে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে ডাউন কৃষ্ণনগর মাতৃভূমি লোকাল ট্রেনটিকে সম্পূর্ণ মহিলা পরিচালিত করা হয়েছে। চালক, গার্ড ও আর পি এফ কর্মী হিসেবে মহিলারাই দায়িত্ব সামলান। পূর্ব রেলের অন্যতম গুরুত্বপূর্ণ স্টেশন হাওড়াতেও আজ যাত্রী পরিষেবা সংক্রান্ত সমস্ত কাজ মহিলারাই সামলাচ্ছেন।

আন্তর্জাতিক নারী দিবসে কোচবিহার রেলওয়ে স্টেশনকে মহিলা পরিচালিত স্টেশন হিসেবে ঘোষণা করল রেলওয়ে। আলিপুরদুয়ার ডিভিশনের কমার্শিয়াল ম্যানেজার অভয় গনপত সানপ সহ রেলের আধিকারিকরা এই উপলক্ষে আয়োজিত

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। স্টেশন মাস্টার থেকে টিকিট কাউন্টার, এমনকি আরপিএফও মহিলা থাকবে।

নারী দিবস উপলক্ষে মালদার ইংরেজবাজারের কেষ্টপুর সীমান্তে, মহিলা বিএসএফ জওয়ানদের নিয়ে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিএসএফের 12 নম্বর ব্যাটালিয়নের আধিকারিকরা ছাড়াও এলাকার বিধায়ক শ্রীরুপা মিত্র চৌধুরী উপস্থিত ছিলেন। সীমান্ত পাহারা দিতে বিএসএফ-এর মহিলা জওয়ানরা কতটা পারদর্শী তা তুলে ধরা হয়।

নারী দিবস উপলক্ষে দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর থেকে নতুন চারটি বাস রুট এর সূচনা হয়েছে। বারুইপুর থেকে সরাসরি শিলিগুড়ি, তারাপীঠ এবং বারুইপুরের উত্তরভাগ থেকে হাওড়া ষ্টেশন ও বারাসত পর্যন্ত এই চারটি রুটের সরকারি বাস পরিষেবাও পাওয়া যাবে। শহরের ফুলতলায় এই বাস পরিষেবার উদ্বোধন করেন রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী।

নদিয়ার করিমপুর এক নম্বর ব্লকে তিনদিন ব্যাপী অনুষ্ঠিত আন্তর্জাতিক নারী দিবস বিশেষ অনুষ্ঠান আজ সমাপ্ত হয়েছে। সকাল থেকে নানা ধরনের কর্মসূচির মধ্য দিয়ে উদযাপন হয়।

-----------------------------

আন্তর্জাতিক নারী দিবসে সংবাদ বিভাগের বিশেষ আলোচনা “অর্ধেক আকাশ”। দুটি ভাগে বিভক্ত এই অনুষ্ঠানের প্রথম পর্বের অতিথি পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত শিল্পী মমতা শঙ্কর। দ্বিতীয় পর্যায়ে থাকবেন নারী আন্দোলনের কর্মী অধ্যাপিকা শাশ্বতী ঘোষ। দুজনের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলী প্রচারতরঙ্গ এবং ১০৭ এফ এম ও ডিটিএইচ বাংলা পরিষেবায়।

-----------------------------

ভোটার তালিকায় কারচুপি ধরতে জেলা স্তরে আগের মতই কাজ চলবে বলে তৃণমূল কংগ্রেস জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুব্রত বকশি সব বিধায়ক, সাংসদ,জেলা সভাপতি এবং চেয়ারম্যানদের এই মর্মে নির্দেশ দিয়ে বিধানসভা ভিত্তিক প্রতিটি বুথে দলের শাখা সংগঠনের মাধ্যমে এই স্ক্রুটিনির কাজ চালু রাখার কথা বলেছেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য ভোটার তালিকায় কারচুপির অভিযোগে নিয়ে দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশের পরে এই সংক্রান্ত কাজে গঠিত রাজ্যস্তরের কমিটি বৈঠক করে জেলা স্তরে একটি করে কোর কমিটি গঠন করলেও পরে তা বাতিল করে দেওয়া হয়। বিধানসভা নির্বাচনের আগে দলের বিধায়ক, সংসদ সহ শীর্ষ নেতারা সংগঠনের কাজে ব্যস্ত থাকায় এই কমিটি বাতিল করা হয়েছে বলে দলের তরফে জানানো হয়।

অবৈধ ভোটার তৃণমূল কংগ্রেসই তালিকায় ঢুকিয়েছে বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার

বাইট

বাংলাদেশ থেকে কিভাবে ভোটার তালিকায় নাম ঢুকেছে, তৃণমূল কংগ্রেস সেই অভিযোগ তুলেছে। দলের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ আজ সাংবাদিকদের কাছে বলেন এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার।

বাইট

-----------------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনায় এসএফআই নেতা সৃজন ভট্টাচার্য আজ যাদবপুর থানায় হাজিরা দিয়েছেন। তার সঙ্গে রয়েছেন আইনজীবীরা। ঘটনার দিনের ছবি ও ভিডিও তিনি পুলিশের কাছে জমা দিচ্ছেন বলে সাংবাদিকদের কাছে জানিয়েছেন সৃজন।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনা নিয়ে সাংবাদিক বৈঠক করে এসংক্রান্ত বেশ কিছু ছবি এবং ভিডিও প্রকাশ করেছিল এসএফআই। সৃজনও সেখানে উপস্থিত ছিলেন।

এদিকে, যাদবপুরের অধ্যাপক তথা ওয়েবকুপার সদস্য ওম প্রকাশ মিশ্রকে যাদবপুর থানার পুলিশ জিজ্ঞাসাবাদ করছে বলে খবর। জিজ্ঞাসাবাদ করা হয়েছে আহত বাম ছাত্র ইন্দ্রানুজ রায়কেও।

-----------------------------

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি থেকে স্বাভাবিক পঠন পাঠন শুরু করতে শিক্ষক সংগঠন JUTA পড়ুয়া দের কাছে ক্লাসে ফেরার আবেদন করেছে। JUTA র সাধারণ সম্পাদক অধ্যাপক পার্থ প্রতীম রায় আজ পড়ুয়াদের প্রতি এই আবেদন জানিয়ে বলেন, সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ক্লাস ও পরীক্ষা বয়কটের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা উচিত। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সুস্থ হয়ে ফিরলে অথবা তাঁর অবর্তমানে বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো পদাধিকারীরা যাতে ছাত্রছাত্রীদের সঙ্গে আলোচনায় বসেন, সেই আবেদনও জানান তিনি।

-----------------------------

কলকাতা হাইকোর্টের অতিরিক্ত বিচারপতি হিসাবে তিনজনের নিয়োগের অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার। এঁরা হলেন বিচারপতি স্মিতা দাস দে, বিচারপপতি

ঋতব্রত কুমার মিত্র এবং বিচারপতি ওম নারায়ণ রাই। সুপ্রিমকোর্টের কলেজিয়াম কলকাতা হাইকোর্টের জন্য পাঁচজনের নাম সুপারিশ করেছিল।

উল্লেখ্য ২০২২ সালের পর কলকাতা হাইকোর্টে, প্রথম বিচারপতি নিয়োগের ছাড়পত্র মিলল কেন্দ্রের তরফে।

-----------------------------

ক্রমবর্ধমান সাইবার প্রতারনা রুখতে সাধারনের সুরক্ষা ও নিরাপত্তায় কলকাতা পুলিশ সাইবার সেলে আরও নতুন দুটি পদ তৈরির জন্যে রাজ্য সরকারের কাছে প্রস্তাব জমা দিয়েছে। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আজ এক অনুষ্ঠানে যোগ দিয়ে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা বলেন, জয়েন্ট সিপি সাইবার ও জয়েন্ট লিগাল সাইবার নামে দুটি পদ তৈরির জন্যে রাজ্য সরকারের কাছে প্রস্তাব জমা দেওয়া হয়েছে। আগামী মন্ত্রীসভার বৈঠকে এই প্রস্তাব গৃহীত হতে পারে বলে তিনি জানিয়েছেন। এছাড়াও অপরাধের সংখ্যা বাড়তে থাকায় সাইবার উইং কে ছোট ছোট সেলে ভাগ করা হচ্ছে বলে তিনি জানিয়েছেন।

-----------------------------

তরুনের স্বপ্ন প্রকল্পে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য রাজ্য সরকারের তহবিল থেকে ট্যাব কেনার জন্য ১০ হাজার টাকা করে দেওয়া হলেও ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রায় ৫৫ হাজার শিক্ষার্থী ট্যাবের টাকা নিয়েও উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য ফর্ম ফিলাপ করেনি বলে অভিযোগ। এর প্রেক্ষিতেই ট্যাবের জন্য বরাদ্দ অর্থ যাতে সঠিকভাবে প্রদান করা হয় শিক্ষক সংগঠন অল পোস্ট গ্রাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন সেই দাবি জানিয়েছে। সংগঠনের পক্ষ থেকে এসংক্রান্ত আবেদন

ইতমধ্যে স্কুল শিক্ষা সচিব ও স্কুল শিক্ষা কমিশনার এর কাছে দেওয়া হয়েছে বলে সংগঠন সূত্রের খবর। পাশাপাশি উক্ত প্রকল্পের দায়িত্বভার থেকেও বিদ্যালয়গুলোকে অব্যহতি দেওয়ার আবেদন জানানো হয়েছে।

-----------------------------

পার্কিং নিয়ে বচসা ও মারধরের জেরে দক্ষিণ কলকাতার বিজয়গড়ে অ্যাপ ক্যাব চালক জয়ন্ত সেনের মৃত্যুর ঘটনায় এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। গত বুধবার রাতে গাড়ি পার্কিং করার সময় একটি স্কুটারকে ধাক্কা দেওয়ার অভিযোগে জয়ন্তকে স্থানীয় পাঁচ যুবক বেধড়ক মারধর করে বলে অভিযোগ। কেপিসি হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাঁর মৃত্যু হয়। মেডিকেল রিপোর্টে জানা গেছে, অ্যাপ ক্যাব চালক মদ্যপ ছিলেন। পাঁচ যুবকের সন্ধান চলছে।

-----------------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট গ্রুপ পর্বের শেষ ম্যাচে এফসি গোয়ার মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা এখনও গোলশূন্য।

শিলং এ আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল তাদের শেষ ম্যাচে ০-৪ গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এফ সির কাছে পরাজিত হয়েছে।

----------------------------- -----------------------------